

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, এপ্রিল ১৯, ২০১৮

বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ০৬ বৈশাখ, ১৪২৫ মোতাবেক ১৯ এপ্রিল, ২০১৮

সংসদ কর্তৃক গৃহীত নিম্নলিখিত আইনটি ০৬ বৈশাখ, ১৪২৫ মোতাবেক ১৯ এপ্রিল, ২০১৮ তারিখে রাষ্ট্রপতির সম্মতিলাভ করিয়াছে এবং এতদ্বারা এই আইনটি সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ করা যাইতেছে :

২০১৮ সনের ১৬ নং আইন

বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ আইন, ২০১৩ এর  
সংশোধনকল্পে প্রণীত আইন

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্য পূরণকল্পে বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ আইন, ২০১৩ (২০১৩ সনের ৪৫ নং আইন) এর সংশোধন করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল :—

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।—(১) এই আইন বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ (সংশোধন) আইন, ২০১৮ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। ২০১৩ সনের ৪৫ নং আইনের ধারা ৫ এর সংশোধন।—বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ আইন, ২০১৩ (২০১৩ সনের ৪৫নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ৫ এর উপ-ধারা (৬) এর তৃতীয় লাইনের শেষে উল্লিখিত “:” কোলন চিহ্নটির পরিবর্তে “।” দাঁড়ি চিহ্নটি প্রতিস্থাপিত হইবে এবং অতঃপর উল্লিখিত শর্তাংশটি বিলুপ্ত হইবে।

৩। ২০১৩ সনের ৪৫ নং আইনের ধারা ৭ এর সংশোধন।—উক্ত আইন এর ধারা ৭ এর দফা (খ) বিলুপ্ত হইবে।

৪। ২০১৩ সনের ৪৫ নং আইনের ধারা ১২ এর সংশোধন।—উক্ত আইন এর ধারা ১২ এর উপ-ধারা (৪) বিলুপ্ত হইবে।

ড. মোঃ আবদুর রব হাওলাদার  
সিনিয়র সচিব।

মোঃ লাল হোসেন, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ ছরোয়ার হোসেন, উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd

( ৪৭৪৭ )

মূল্য : টাকা ৪.০০